

উপজেলা পরিষদ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির জানুয়ারী / ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ১৭/০১/২০২২ খ্রিঃ।
সময় : বিকাল-১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

সভাপতি : বি.এম.কামাল হোসেন
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লোহাগড়া, নড়াইল।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা অত্র সভা কর্তৃক অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ উপজেলা পরিষদের সভায় উপস্থাপনযোগ্য বিষয় সমূহ সুপারিশ আকারে উপস্থাপন করার বিষয়ে পুনঃগুরুত্বারোপ করেন।


১। লোহাগড়া উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে ডিজিটাল শিক্ষা উপকরণ (ডেক্সটপ ও LED স্মার্ট টিভি) সরবরাহ

প্রকল্প: মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করা জন্য বিদ্যালয় গুলোতে ডিজিটাল শিক্ষা উপকরণ (ডেক্সটপ ও LED স্মার্ট টিভি) সরবরাহ করা জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ প্লাস্টিকের বেঞ্চ সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

২। লোহাগড়া উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষা উপকরণ প্লাস্টিকের উচ্চ নীচু বেঞ্চ সরবরাহ প্রকল্প: সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, কালিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার সুবিধার্থে প্লাস্টিকের উচ্চ নীচু বেঞ্চ সরবরাহ করা জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা উপকরণ প্লাস্টিকের বেঞ্চ সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

৩। মাধ্যমিক বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ প্রকল্প : মাধ্যমিক বিদ্যালয়ে মেয়েদের জন্য হাইজিন কর্ণার নির্মাণ করা জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হাইজিন নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(বি.এম.কামাল হোসেন)
সভাপতি


উপজেলা পরিষদ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।

স্মারক নং-৬৭.১০.৬ ও ৩২.০০০.০৭.০০৭.৩০(২)

তারিখ : ১৭/০১/২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।
০২। জনাব


১৭/০১/২০২২
(আব্দুল হামিদ ভূঁইয়া)
সদস্য সচিব

উপজেলা পরিষদ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
লোহাগড়া, নড়াইল।